গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন তেজগাঁও,ঢাকা-১২০৮
www.lmap.minland.gov.bd

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৯২.০৩.০৩৩.২৫-১০৭২

তারিখ : ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়াধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় ঢাকাস্থ প্রধান কার্যালয় ও উপজেলা/সার্কেল/মেট্রো ভূমি অফিস সমূহে পদায়নের লক্ষ্যে সাকুল্য বেতনে নিম্নবর্ণিত পদসমূহে প্রকল্প মেয়াদে (জুন ২০২৬ অথবা প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেলে মেয়াদকালীন পর্যন্ত) অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (**https://lmap.teletalk.com.bd**) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড, সাকুল্য বেতন, সংখ্যা, বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | সিস্টেম এনালিস্ট<br>গ্রেড-৫<br>সাকুল্য বেতন: ৬৬,০০০/-<br>সংখ্যা: ০১ জন<br>বয়স: অনূর্ধ্ব ৪০ বছর<br>কর্মস্থল: প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী-<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ ৪ (চার) বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কোনো সরকারি/ বেসরকারী/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপার ভাইজার হিসাবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(গ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণ পূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(ঘ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। |
| ০২ | প্রোগ্রামার<br>গ্রেড-৬<br>সাকুল্য বেতন: ৫৬,৫২৫/-<br>সংখ্যা: ০১ জন<br>বয়স। অনূর্ধ্ব ৩৫ বছর<br>কর্মস্থল: প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী-<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ ৪ (চার) বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কোনো সরকারি/ বেসরকারী/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রেগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসেবে অন্যূন ৪ (চার) বছরের চাকুরী।<br>(গ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী<br>গ্রেড-৯,<br>সাকুল্য বেতন: ৩৫,৬০০/-<br>সংখ্যা: ০১ জন<br>বয়স: অনূর্ধ্ব ৩২ বছর,<br>কর্মস্থল: প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী-<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ ৪ (চার) বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| | | |
|---|---|---|
| | | (খ) নিয়োগকারী কর্তপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | প্রশাসনিক কর্মকর্তা<br>গ্রেড-১১<br>সাকুল্য বেতন: ২১,৭০০/-<br>সংখ্যা: ০১ জন<br>বয়স: অনূর্ধ্ব ৩২ বৎসর।<br>কর্মস্থল: প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট | বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বর্হিভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ সংশোধিত ২০২০ অনুযায়ী-<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার Word processing-র অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট পদের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>সাকুল্য বেতন: ১৯,৩০০/- অথবা ১৮,২০০/- অথবা ১৭,৬৫০/- (স্থানভেদে)<br>সংখ্যা: ১২০ জন (কমবেশি)<br>বয়স: অনূর্ধ্ব ৩২ বৎসর<br>কর্মস্থল: উপজেলা/সার্কেল/মেট্রো ভূমি অফিস | সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী-<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পাশাপাশি কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট পদের কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

**নিম্ন বর্ণিত শর্তাবলী অনুযায়ী আবেদন ফরমপূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে:**

১। আগ্রহী প্রার্থীগণ ১১/০৯/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা হতে ০৫/১০/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে এই ওয়েবসাইটে (https://lmap.teletalk.com.bd) আবেদনপত্র পূরণ করতে পারবেন। অনলাইন (Online) ব্যতীত সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। ০১-০৯-২০২৫ তারিখে প্রার্থীর বয়স:

(ক) প্রার্থীর বয়স: বিভিন্ন পদের সাথে উল্লিখিত বয়সসীমা।

(খ) এস.এস.সি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে।

(গ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না।

৩। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক শৃঙ্খলাজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমিতক্রমে আবেদন করতে হবে। এছাড়াও মৌখিক পরীক্ষার সময় চাকরিরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে।

(ক) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র/কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। এছাড়া অনলাইনে পূরণকৃত আবেদন ফরমসহ সকল সনদপত্র/কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। তাছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক পত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গানার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৬। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। পরবর্তীতে কোটা সংক্রান্ত অথবা নিয়োগ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd ও প্রকল্পের ওয়েবসাইট www.lmap.minland.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৮। স্বাস্থ্য বিধি মেনে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। এ জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত নূন্যতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

১১। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় লিঙ্গ, আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১২। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৩। নিয়োগকৃত প্রার্থীগণ সংশ্লিষ্ট পদের/গ্রেডের সাকুল্য বেতন প্রাপ্য হবেন এবং সাকুল্য বেতন নির্ধারণ সংক্রান্ত সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত আদেশ/নির্দেশনা প্রযোজ্য হবে।

১৪। কম্পিউটার অপারেটর পদের প্রার্থীগণকে জেলা ভিত্তিক বাছাই ও নিজ জেলায় পদায়ন করা হবে।

১৫। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং কেবলমাত্র পদের বিপরীতে উল্লিখিত সময় বা প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য।

১৬। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd ও প্রকল্পের ওয়েবসাইট www.lmap.minland.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

১৭। **টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম, করণীয় ও শর্তাবলীঃ**

ক. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ১১/০৯/২০২৫ সকাল-১০.০০টা।

খ. Online -এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ০৫/১০/২০২৫ বিকাল-৫.০০ টা।

গ. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

ঘ. Online আবেদন পত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

ঙ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র submitকরার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।।

চ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ছ. SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিণ ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৩, এ বর্ণিত পদের জন্য ২০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা, ক্রমিক নং ৪, এ বর্ণিত পদের জন্য ১৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১৮/-(আঠারো) টাকাসহ মোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা এবং ক্রমিক নং ৫ এ বর্ণিত পদের জন্য ১০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/-(একশত বারো) টাকা আবেদনপত্র Submit এর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে, সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণীর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা**

**নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা আবেদনপত্র Submit এর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। কোন প্রার্থী নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র ও ফি দাখিল করলে তার আবেদন বিবেচিত হবে না।

**আবেদন ফি জমা দেওয়ার পদ্ধতি:**

**প্রথম SMS: LMAP**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: LMAP ABCDEF & send to 16222.
Reply: Applicant's Name, Taka 223 or 112 will be charged as application fee. Your PIN is
To pay fee Type LMAP<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS: LMAP**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে
Example: LMAP YES 12345678 & send to 16222.
Reply: Congratulations Applicant's Name, payment completed
Successfully for LMAP Application for post xxxxxxxxxx User ID is
(ABCDEF) and password (xxxxxxxx)

জ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **https://lmap.teletalk.com.bd** অথবা ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের ওয়েবসাইট www.lmap.minland.gov.bd অথবা ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS- পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ. SMS--এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঞ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

**i. User ID জানা থাকলে: LMAP**<space>**HE LP**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: LMAP HELP User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: **LMAP<space>Help<space>PIN<space>PIN No** & Send to 16222.
Example: **LMAP HELP PIN 12345678**

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা প্রোগ্রামার: pro2.lmap@gmail.com অথবা প্রকল্প পরিচালক pdautomation@minland.gov.bd যোগাযোগ করা যাবে। Mail এর subject-এ Organization Name: LMAP, Post Name: ******, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ঠ. Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ড. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের ওয়েবসাইট www.lmap. minland.gov.bd ও ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

১৮। নিয়োগের ক্ষেত্রে যে কোন রকম তদবির কিংবা সুপারিশ বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।

**১৯। ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন তেজগাঁও,ঢাকা এর
ওয়েবসাইটে প্রবেশ এর
QR Code

ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন তেজগাঁও,ঢাকা এর
টেলিটক পোর্টালে প্রবেশ এর
QR Code

০৮/১২/২০২৫
**মোঃ পারভেজ হাসান বিপিএএ**
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প